

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ০২/২০২০

তারিখঃ ১২/০১/২০২০খ্রিঃ

### সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টমস হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-৩৪৯/রঞ্জানি/বিবিধ/২০১৯-২০২০/২১৬৫(কাস), তারিখ- ০৯/০১/২০২০খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-  
মোঃ মিজানুর রহমান  
সচিব

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

Web:www.chc.gov.bd

E\_mail:customhousectg@gmail.com

### বিষয়: ০৮ জানুয়ারী, ২০২০ খ্রিঃ তারিখে শর্ট শিপমেন্ট সার্টিফিকেট ইস্যু সংক্রান্ত বিষয়ে সভার কার্যবিবরণীঃ-

বিজিএমইএ এর ২৮/১২/২০১৯খ্রিঃ তারিখের পত্র নং-বিজিএমইএ/চট্ট/কাস/২০১৯/২২১৪ এবং চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন এর ২৯/১২/২০১৯খ্রিঃ তারিখের পত্র স্মারক নং-৮(৭)/২০১৯/১০২০৬ এর ভিত্তিতে এই দপ্তরের কমিশনার মহোদয়ের সাথে বিজিএমইএ এর কর্তৃপক্ষের সাক্ষাতের সূত্রে এই দপ্তরের এডিশনার কমিশনার, সিস্টেম এনালিস্ট, এ্যাসিস্ট্যান্ট কমিশনার, রঞ্জানি শাখা ও অফডকে পদস্থ রাজস্ব কর্মকর্তা এবং সহকারী রাজস্ব কর্মকর্তার উপস্থিতিতে ০৮ জানুয়ারী, ২০২০খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় কাস্টম হাউস, চট্টগ্রাম-এ “সমৃদ্ধি” সম্মেলন কক্ষে এডিশনাল কমিশনার-২ জনাব কাজী মুহম্মদ জিয়াউদ্দীন এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় পোষাক শিল্পের মত একটি গুরুত্বপূর্ণ শিল্পের পণ্য রঞ্জানী প্রক্রিয়ায় শর্ট শিপমেন্ট ইস্যুকে কিভাবে দাপ্তরিক আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে সৃষ্ট সমস্যা দূরীভূত করা যায় তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

০২। সভার শুরুতে এই দপ্তরের সিস্টেম এনালিস্ট বলেন দি কাস্টমস্ এ্যাক্ট, ১৯৬৯ এবং বিধি বিধানের আলোকে Asycuda World System-এ রঞ্জানি কার্যক্রম সম্পন্ন করা হয়। আইন অনুযায়ী জাহাজীকরণের পরে Asycuda World System-এ আর নতুন করে সংশোধন সম্ভব নয়। এমতাবস্থায়, কায়িক পরীক্ষায় যতটুকু পণ্য পাওয়া যায় তা Asycuda World System-এ আপলোড না করে সংশ্লিষ্ট ইএক্সপি ও অন্যান্য শিপিং দলিলাদিতে ইতোপূর্বে প্রদর্শিত পণ্যের বিবরণ, পরিমাণ, মূল্য ইত্যাদি ম্যানুয়েলী সংশোধন করে শর্ট শিপমেন্ট সার্টিফিকেট ইস্যু করা হবে। তবে ভবিষ্যতে বিষয়টি Asycuda World System-এ কিভাবে সম্পূর্ণ করে সমস্যা সমাধান করা যায় তা National Team NBR এর মাধ্যমে কার্য সম্পাদন হতে পারে।

০৩। সভায় আলোচিত বিষয়াদি এবং গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রঃ নং	বিজিএমইএ, ঢাকা/চট্টগ্রাম এবং সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম কর্তৃক উত্থাপিত বিষয়	আলোচনার সংক্ষিপ্ত বিবরণ	সিদ্ধান্ত
(১)	(২)	(৩)	(৪)
০১	শর্ট শিপমেন্ট সার্টিফিকেট ইস্যু করণ প্রসঙ্গে।	দেশের বৃহত্তর রঞ্জানি কার্যক্রম সচল রাখার স্বার্থে উত্থাপিত বিষয়ে বিজিএমইএ, ঢাকা/চট্টগ্রাম এবং সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম কর্তৃক পূর্বের ন্যায় শর্ট শিপমেন্ট সার্টিফিকেট ইস্যু করণ অব্যাহত রাখার বিষয়ে অনুরোধ করা হয়।	কোন পণ্য চালানে শর্ট শিপমেন্ট হলে শিপমেন্টের সময় সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট শর্ট শিপমেন্ট সার্টিফিকেট টাইপ করে কাস্টম হাউস/ অফডকে দায়িত্ব প্রাপ্ত রাজস্ব কর্মকর্তা কর্তৃক রঞ্জানিকৃত পণ্যের প্রমাণ স্বরূপ প্রথম এবং দ্বিতীয় কপি শিপিং বিলের উল্টো পৃষ্ঠায় পরীক্ষা প্রতিবেদন এবং শর্ট শিপমেন্ট সার্টিফিকেটসহ একই সঙ্গে স্বাক্ষর করে উক্ত শাখা হতে ইস্যু করে পণ্যের শর্ট শিপমেন্ট নিশ্চিত করা হবে। দাখিলকৃত শর্ট শিপমেন্টের আবেদন রেজিস্টারে লিপিবদ্ধকরণের পর যাচাই বাছাই করে সঠিক পাওয়া গেলে সংশ্লিষ্ট ডিপোর রাজস্ব কর্মকর্তা কর্তৃক “Verified & Found Correct, Short Shipment Quantity .....” লিখে স্বাক্ষর ও সীল প্রদান করবেন।

০৪। বিবিধঃ-

উপস্থিত সকল সদস্যবৃন্দ উত্থাপিত বিষয়ে একমত পোষণ করায় পূর্বের ন্যায় শর্ট শিপমেন্ট ইস্যু করা হবে।

পরিশেষে সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি, এডিশনাল কমিশনার-২ মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
(কাজী মুহম্মদ জিয়াউদ্দীন)  
এডিশনাল কমিশনার অব কাস্টমস্  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-৩৪৯/রঞ্জানী/বিবিধ/২০১৯-২০২০/২১৬৫(কাস),

তারিখ-০৯/০১/২০২০খ্রিঃ